দৈনিক ইত্তেফাক
তারিখ ... JUN. 5 1999
পৃষ্ঠা ... কলাম ...

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

প্রথম বর্ষে ভর্তি কমিটিসমূহের চেয়ারম্যানের কার্যালয়
ভর্তি পরীক্ষা ১৯৯৮-৯৯

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় নির্বাচিত ও অপেক্ষমাণ তালিকাভুক্ত প্রার্থীদের মূল মার্কশীট ও সনদপত্র যাচাই, বিভাগ নির্বাচনের অপশন প্রদান এবং স্বাস্থ্য পরীক্ষার বাতিলকৃত সময়সূচী নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হইল।

প্রার্থীদিগকে (নির্বাচিত এবং অপেক্ষমাণ) তাহাদের মূল মার্কশীট ও সনদপত্র (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অথবা উহাদের সমমানের), বিভাগ নির্বাচনের অপশন এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী পুরকৌশল অনুষদের ডীনের কার্যালয়ে (পুরকৌশল ভবন, ৬ষ্ঠ তলা) সকাল ৯ঃ০০ ঘটিকায় উপস্থিত হইতে নির্দেশ দেওয়া যাইতেছে।

বিশেষভাবে উল্লেখ্য যে, কোন প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে মূল মার্কশীট ও সনদপত্র, বিভাগ নির্বাচনের অপশন প্রদান এবং স্বাস্থ্য পরীক্ষায় ব্যর্থ হইলে ঐ প্রার্থীর ভর্তির যোগ্যতা বাতিল বলিয়া গণ্য করা হইবে। নির্বাচিত প্রার্থীদের মূল মার্কশীট ও সনদপত্রসমূহ জমা রাখা হইবে।

চশমা ব্যবহারকারী প্রার্থীদিগকে তাহাদের সর্বশেষ চোখ পরীক্ষা সংক্রান্ত ডাক্তারের প্রেসক্রিপশন সাথে আনিতে হইবে। এই প্রেসক্রিপশন ছয় মাসের বেশী পূর্বের হইলে গ্রহণযোগ্য হইবে না।

**মূল মার্কশীট ও সনদপত্র যাচাই, বিভাগ নির্বাচনের অপশন প্রদান এবং স্বাস্থ্য পরীক্ষার পরিবর্তিত সময়সূচী নিম্নরূপ ঃ**

### স্থাপত্য বিভাগের জন্য

| ভর্তি পরীক্ষার মেধানুসারে ক্রমিক নং | তারিখ |
|---|---|
| ০১-৫৪<br>এবং নির্বাচিত উপজাতীয় প্রার্থী | ১৫-৬-১৯৯৯ ইং |
| ৫৫-১১৪ | ১৬-৬-১৯৯৯ ইং |

### ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য

| ভর্তি পরীক্ষার মেধানুসারে ক্রমিক নং | তারিখ | ভর্তি পরীক্ষার মেধানুসারে ক্রমিক নং | তারিখ |
|---|---|---|---|
| ০১-৫০<br>এবং নির্বাচিত উপজাতীয় প্রার্থী | ১৭-৬-১৯৯৯ইং | ৫৫১-৬০০ | ০৫-৭-১৯৯৯ইং |
| ৫১-১০০ | ২০-৬-১৯৯৯ইং | ৬০১-৬৫০ | ০৬-৭-১৯৯৯ইং |
| ১০১-১৫০ | ২১-৬-১৯৯৯ইং | ৬৫১-৭০০ | ০৭-৭-১৯৯৯ইং |
| ১৫১-২০০ | ২২-৬-১৯৯৯ইং | ৭০১-৭৫০ | ০৮-৭-১৯৯৯ইং |
| ২০১-২৫০ | ২৩-৬-১৯৯৯ইং | ৭৫১-৮০০ | ১১-৭-১৯৯৯ইং |
| ২৫১-৩০০ | ২৪-৬-১৯৯৯ইং | ৮০১-৮৫০ | ১২-৭-১৯৯৯ইং |
| ৩০১-৩৫০ | ২৮-৬-১৯৯৯ইং | ৮৫১-৯০০ | ১৩-৭-১৯৯৯ইং |
| ৩৫১-৪০০ | ২৯-৬-১৯৯৯ইং | ৯০১-৯৫০ | ১৪-৭-১৯৯৯ইং |
| ৪০১-৪৫০ | ৩০-৬-১৯৯৯ইং | ৯৫১-১০০০ | ১৫-৭-১৯৯৯ইং |
| ৪৫১-৫০০ | ০১-৭-১৯৯৯ইং | ১০০১-১০৫০ | ১৮-৭-১৯৯৯ইং |
| ৫০১-৫৫০ | ০৪-৭-১৯৯৯ইং | ১০৫১-১০৬৮<br>এবং অপেক্ষমাণ উপজাতীয় প্রার্থী | ১৯-৭-১৯৯৯ইং |

স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ২০-৬-১৯৯৯ ইং তারিখ হইতে নির্ধারিত ফি জমা দিয়া ভর্তি হইতে পারিবে। তবে সকল প্রার্থীকে ১লা আগষ্ট, ১৯৯৯ ইং তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হইতে হইবে অন্যথায় অপেক্ষমাণ প্রার্থীগণকে ভর্তির সুযোগ দেওয়া হইবে।

ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের যোগ্য বিবেচিত প্রার্থীদের বিভাগওয়ারী নামের তালিকা (প্রভিশনাল) আগামী ২৬/৭/১৯৯৯ ইং তারিখে প্রকাশ করা হইবে।

সভাপতি, প্রথম বর্ষে ভর্তি কমিটিসমূহ ১৯৯৮-৯৯
ও
ডীন, পুরকৌশল অনুষদ।

স-১৬৩৭ (৮X৩)